



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com, www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/নতুন/বিদ্যা/১৫/ময়মন/২৩৫

তারিখ : ০২/০৭/২০২৪ খ্রি.

বিষয় : বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের মঞ্জুরী কমিটির ০৫/১২/২০২৩ খ্রি. তারিখের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২৪ খ্রি. তারিখ হতে তা স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ :

১. স্থাপনের অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি হিসাবে গণ্য করা যাবে না।
২. ০১(এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে।
৩. আগামী ১(এক) বছরের মধ্যে কাম্য পরিমাণ জমি বিদ্যালয়ের নামে রেজিস্ট্রি করে অনলাইন খাজনা খারিজ সহ দলিলের কপি বোর্ডে জমা দিতে হবে।
৪. নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
৫. পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে।
৬. পরিবেশিত কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে স্থাপনের অনুমতি বাতিল করা হবে।

প্রাপক : প্রধান শিক্ষক

কড়ইকান্দি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

উপজেলা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

স্বাঃ-

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড


ময়মনসিংহ।

স্মারক নং- মশিবো/নতুন/বিদ্যা/১৫/ময়মন/২৩৫

তারিখ : ০২/০৭/২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৭. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৮. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৯. সভাপতি/উদ্যোক্তা, কড়ইকান্দি নিম্নমাধ্যমিক বিদ্যালয়, নান্দাইল, ময়মনসিংহ।
১০. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১১. অফিস কপি।



02.07.2024

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

